

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১২৭৪

অমরপুর, ১৯ সেপ্টেম্বর, ২০২৪

### দুর্গোৎসব শাস্তিপূর্ণভাবে সম্পন্ন করতে অমরপুরে বৈঠক অনুষ্ঠিত

আসন্ন দুর্গাপূজা শাস্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে সম্প্রতি অমরপুর মহকুমা শাসকের সভাগৃহে এক বৈঠক অনুষ্ঠিত হয়। মহকুমা শাসক অনুপম চক্ৰবৰ্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে বিধায়ক রঞ্জিত দাস, অমরপুর পথগায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস, অমরপুর বিএস'র চেয়ারম্যান রবিত জমাতিয়া, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ এবং বিভিন্ন ক্লাব ও পুজা কমিটির কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। বিধায়ক রঞ্জিত দাস বৈঠকে বলেন, দুর্গাপূজা যেন সবার উৎসবে পরিণত হয় সেদিকে ক্লাব ও সংস্থাগুলিকে নজর দিতে হবে। বৈঠকে ক্লাবগুলির জন্য চাঁদা তোলার নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া হয়। কোনপ্রকার রাস্তা দখল করে মন্দপ করা যাবেনা বলেও মহকুমা শাসক বৈঠকে জানিয়েছেন। প্রতিটি পূজা প্যাডেলে সামাজিক সচেতনতামূলক পোস্টার লাগানো এবং স্বেচ্ছাসেবক নিয়োগ করার জন্য বৈঠকে ক্লাবগুলির প্রতি অনুরোধ জানানো হয়।

\*\*\*\*\*